

প্রেস রিলিজ

তারিখ: ২০ মে ২০২৬

শিক্ষাসেবার মানোন্নয়নে খুলনা আঞ্চলিক কেন্দ্রে বাউবি উপাচার্যের মতবিনিময়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের খুলনা আঞ্চলিক কেন্দ্র ও আঞ্চলিক কেন্দ্রাধীন উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহের কর্মকর্তা-কর্মচারী, চলমান বিভিন্ন প্রোগ্রামের সমন্বয়কারী এবং টিউটরদের অংশগ্রহণে মানসম্মত শিক্ষাব্যবস্থা বাস্তবায়নে প্রমোশনাল কার্যক্রম বিষয়ক এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। আজ ২০ মে ২০২৬ বুধবার বেলা ২:০০টায় খুলনা আঞ্চলিক কেন্দ্রের কনফারেন্স রুমে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, "বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দেশের প্রান্তিক, শ্রমজীবী ও প্রচলিত শিক্ষা ব্যবস্থার বাইরে থাকা জনগোষ্ঠীর জন্য শিক্ষার দ্বার উন্মুক্ত করে তিন দশকেরও বেশি সময় ধরে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় বর্তমানে ১২টি আঞ্চলিক কেন্দ্র ও ৬৩টির বেশি সক্রিয় উপ-আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে সারাদেশে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে এবং দেশের বাইরে সাতটি দেশেও প্রবাসী বাংলাদেশীদের জন্য শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। পাশাপাশি সিঙ্গাপুর ও মালয়েশিয়ায় এ কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় একটি ব্যতিক্রমধর্মী পাবলিক বিশ্ববিদ্যালয় হলেও সরকারের আর্থিক সহায়তা সীমিত হওয়ায় প্রতিষ্ঠানটি মূলত নিজস্ব আয়ের ওপর নির্ভর করে পরিচালিত হচ্ছে। এ অবস্থায় বিশ্ববিদ্যালয়ের আর্থিক সংকট নিরসনে সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

উপাচার্য আরও বলেন, বিশ্ববিদ্যালয়কে একবিংশ শতাব্দীর উপযোগী প্রতিষ্ঠানে রূপ দিতে অটোমেশন, অনলাইন সেবা ও আইসিটি অবকাঠামো উন্নয়নের কাজ চলছে। পরীক্ষাব্যবস্থা, অভিযোগ নিষ্পত্তি ও শিক্ষার্থীসেবা দ্রুততর করতে নতুন সফটওয়্যার ও মোবাইল অ্যাপ চালুর উদ্যোগ নেওয়া হয়েছে এবং ইতোমধ্যে হাজারো শিক্ষার্থীর অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। তিনি অংশীজন, সমন্বয়কারী ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের সম্মানীর বিষয়টি পুনর্বিবেচনার আশ্বাস দিয়ে বলেন, শিক্ষার্থীদের ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি না করে যৌক্তিক সমাধানের চেষ্টা চলছে। একই সঙ্গে তিনি আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয় জোরদার করে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম আরও গতিশীল করার আহ্বান জানান। শেষে তিনি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে বলেন, স্টেকহোল্ডাররাই উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রাণশক্তি এবং তাদের সম্মান ও প্রত্যাশা রক্ষায় বিশ্ববিদ্যালয় প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ। পাশাপাশি তিনি আগাম পবিত্র ঈদুল আজহার শুভেচ্ছা জানান।

এর আগে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান আঞ্চলিক কেন্দ্রে মিষ্টি জলপাই জাতের একটি ফলজ গাছের চারা রোপণ করেন। এছাড়া রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টি.এম আহমেদ হুসেইনও আঞ্চলিক কেন্দ্রে নিম্ন গাছের একটি চারা রোপণ করেন।

বাউবির খুলনা আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক মোহাম্মদ মাহমুদুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টি.এম আহমেদ হুসেইন। তিনি "বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সম্প্রসারণ ও সেবার মানোন্নয়নে স্টেকহোল্ডারদের ভূমিকার গুরুত্ব তুলে ধরেন। তিনি সমন্বিত উদ্যোগের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম আরও গতিশীল ও শিক্ষার্থীবান্ধব করার আহ্বান জানান।

সভায় বক্তারা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমকে আরও যুগোপযোগী, গতিশীল ও শিক্ষার্থীবান্ধব করার লক্ষ্যে বিভিন্ন গঠনমূলক মতামত ও প্রস্তাবনা উপস্থাপন করেন।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন খুলনা আঞ্চলিক কেন্দ্রের প্রশাসনিক কর্মকর্তা মোঃ মাহবুবুর রহমান। সভায় আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং চলমান প্রোগ্রামসমূহের স্টাডি সেন্টারের সমন্বয়কারী ও টিউটরবৃন্দ উপস্থিত ছিলেন।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)